



কালেষ্ট্রেট স্কুল এন্ড কলেজ, রংপুর

“২য় ধাপে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি”

শিক্ষাবর্ষ : ২০২৬ -২০২৭ খ্রিঃ

২০২৬ - ২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড কর্তৃক প্রকাশিত ফলাফলে বিভিন্ন গ্রুপে (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) ২য় ধাপে মেধা তালিকায় নির্বাচিত ছাত্র-ছাত্রীদেরকে আগামী ১১/১০/২০২৬ থেকে ১৩/১০/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে (সকাল ৯:০০ টা থেকে দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত) নিম্নলিখিত পদ্ধতি অনুসরণপূর্বক ভর্তি হওয়ার জন্য বিশেষভাবে বলা হলো :-

ভর্তি ফি এর বিবরণ :

ক্রমিক নং	ফি এর বিবরণ	বিজ্ঞান বিভাগ	মানবিক/ ব্যবসায় শিক্ষা বিভাগ
০১	সেশন চার্জ ও ভর্তি ফি	৩,৫০০/-	৩,৫০০/-
০২	উন্নয়ন ফি	১,৫০০/-	১,৫০০/-
০৩	বিজ্ঞান ও গ্রন্থাগার	২৫০/-	২০০/-
০৪	ডায়েরী, ক্যালেন্ডার, আইডি কার্ড	৬০০/-	৬০০/-
০৫	কম্পিউটার ল্যাব ফি	৫০/-	৫০/-
০৬	স্কাউট/কাব স্কাউট/গার্লস গাইড ফি	৪৬/-	৪৬/-
০৭	অটোমেশন ফি	৩০/-	৩০/-
০৮	দরিদ্র তহবিল	১০০/-	১০০/-
০৯	রেড ক্রিসেন্ট	২৪/-	২৪/-
ভর্তি সংক্রান্ত মোট ফি		৬,১০০/-	৬,০৫০/-
১০	টিউশন ফি (সেপ্টেম্বর-২৬)	২,০০০/-	২,০০০/-
সর্বমোট ব্যাংকে জমা		৮,১০০/-	৮,০৫০/-

** তথ্য ফর্ম, প্রসপেক্টাস ও অন্যান্য ফি বাবদ ৮৫০/- টাকা ভর্তির সময় ব্যাংকে জমা দিতে হবে।

** অক্টোবর মাসের পাওনাদি আগামী ২৯/১০/২০২৬ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে।

ভর্তি প্রক্রিয়ার ধাপসমূহ :

প্রথম ধাপ :

- ১। বিভাগ অনুযায়ী শ্রেণি শিক্ষকের কাছ থেকে কলেজ সিলেকশন কপি দেখিয়ে তথ্য ফর্ম সংগ্রহের মাধ্যমে আইডি নম্বর ও ক্লাশ রোল নিশ্চিত হতে হবে।
- ২। নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে :
 - ক) এসএসসি/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট অথবা মূল রেজিস্ট্রেশন কার্ড এবং ফটোকপি - ১ কপি করে।
 - খ) অনলাইনে প্রাপ্ত এসএসসি একাডেমিক ট্রান্সক্রিপ্ট (এসএসসি পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট না থাকলে) এবং প্রশংসাপত্রের ফটোকপি - ১ কপি করে।
 - গ) মূল প্রবেশপত্র এবং ফটোকপি - ১ কপি।
 - ঘ) শিক্ষার্থীর জন্ম সনদের ফটোকপি - ১ কপি (অবশ্যই জন্মসনদ সংখ্যা ১৭ ডিজিটের ও অনলাইন হতে হবে)।
 - ঙ) নিশ্চায়ন ও আবেদনপত্রের প্রিন্ট কপি - ১ কপি করে।
 - চ) শিক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন ছবি।
 - ছ) শিক্ষার্থীর পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি - ১ কপি করে (১০ অথবা ১৭ ডিজিট)।

- জ) পিতা, মাতা ও শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি করে রঙিন ছবি। যা তথ্য ফর্মে স্ট্যাপলার পিন দিয়ে সংযুক্ত করতে হবে।
- ঝ) পিতা-মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি - ১ কপি করে (১০ অথবা ১৭ ডিজিট)।
- ঞ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত হলে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে ইস্যুকৃত মূল সনদ প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল ও সন্তান প্রমাণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র জমা দিতে হবে এবং জাতীয় পরিচয়পত্র সঙ্গে আনতে হবে।
- ট) শিক্ষা কোটায় (EQ₁/EQ₂) নির্বাচিত হলে সন্তান প্রমাণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর দপ্তর প্রধানের প্রত্যয়ন পত্র জমা দিতে হবে এবং জাতীয় পরিচয়পত্র সঙ্গে আনতে হবে।
- ঠ) সরবরাহকৃত A4 সাইজের খামের ওপর শিক্ষার্থীর নাম, বিভাগ ও শাখা, রোল ও আইডি নম্বর, মোবাইল নম্বর ও শিক্ষাবর্ষ লিখে জমা দিতে হবে।

দ্বিতীয় ধাপ :

- ক) তথ্য ফর্ম সংগ্রহের সময় আইডি ফর্ম নিতে হবে এবং ১ (এক) কপি ছবি সংযুক্ত করতে হবে (অবশ্যই ছবির পিছনে শিক্ষার্থীর নাম, রোল ও আইডি লিখতে হবে)।
- খ) তথ্য ফর্ম ও আইডি ফর্মে উল্লেখিত সকল তথ্য নির্ভুলভাবে ও স্পষ্ট করে লিখতে হবে।
- গ) পিতা/মাতা/অভিভাবকের মোবাইল নম্বর যা তথ্য ফর্মে উল্লেখিত থাকবে তা অবশ্যই সচল হতে হবে (পরিবর্তন করা যাবে না)। পরবর্তীতে এই নম্বরে ভর্তি সংক্রান্ত, অনুপস্থিতি ও অন্যান্য তথ্য SMS এর মাধ্যমে জানানো হবে। [বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ]
- ঘ) শিক্ষার্থী তার ব্যবহৃত নির্দিষ্ট নম্বর দিয়ে (তথ্য ফর্মে উল্লেখিত) ভর্তিচ্ছু বিভাগ ও শাখার QR কোড স্ক্যান করে অত্র প্রতিষ্ঠানের WhatsApp গ্রুপে সংযুক্ত হবে। যার মাধ্যমে প্রয়োজনীয় সকল তথ্য জানানো হবে। [বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ]

তৃতীয় ধাপ :

- ক) তথ্য ফর্ম পূরণ করে ICT Cell (তথ্য ও প্রযুক্তি শাখা) এ জমা দিয়ে বেতন পরিশোধের জন্য ID No. ও ক্লাস রোল সংবলিত স্লিপ/চিরকুট সংগ্রহ করতে হবে। [স্কুল ভবনের নিচ তলায় সিড়ির পাশের কক্ষ]
- খ) প্রাপ্ত Slip/চিরকুট নিয়ে 'ভর্তি ফি এর বিবরণ' অনুযায়ী ব্যাংকে সমুদয় অর্থ জমা দিতে হবে। [মূল ফটকের কাছে উত্তর দিকে]
- গ) ব্যাংক থেকে প্রাপ্ত পেমেন্ট স্লিপ এবং পূরণকৃত আইডি ফর্ম শ্রেণি শিক্ষকের কাছে জমা দিতে হবে। অন্যথায় ভর্তি প্রক্রিয়া অসম্পূর্ণ বলে গণ্য হবে।

আহ্বায়ক

২০২৬ - ২০২৭ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ভর্তি কমিটি